গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০১.১৮(অংশ-১)-৪৪৩

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩০
০২ মে ২০২৩

**বিষয় : জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩ এ গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.০৩.০০১.২৩-২৮৯, তারিখ: ১৪ মার্চ ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে গত ২৪-২৬ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩ এ গৃহিত সিদ্ধান্তটি নিম্নরূপ:

| ক্রমিক | প্রস্তাবকারী | সিদ্ধান্ত |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | জেলা প্রশাসক, বরিশাল | বরিশাল মহানগরে জেল খালসহ ২৩টি খাল প্রয়োজনীয় খনন ও সংস্কারের উদ্যোগ নিতে হবে। এ উদ্দেশ্যে স্থানীয় সরকার বিভাগ প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। |

২। বর্ণিতাবস্থায়, উপরে বর্ণিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের ০৪ (চার) তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী ও এ বিভাগের মনিটরিং-১ শাখায় (monitoring2lgd@gmail.com) প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

02-05-2023

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল।

অনুলিপি-জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সহকারী সচিব (মনিটরিং-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়রের একান্ত সচিব, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল (মাননীয় মেয়রের অবগতির জন্য)।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩

২৪-২৬ জানুয়ারি ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মনিটরিং-২ শাখা
স্থানীয় সরকার বিভাগ

# কার্যবিবরণী

মন্ত্রিপরিষদ বিভাগ

**জেলা প্রশাসক, খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা**

উপকূলীয় জেলাগুলোতে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করা যেতে পারে।

**মাননীয় প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

তিনি বলেন যে, মাঠপর্যায়ে জেলা প্রশাসকগণ কর্তৃক পরিচালিত বিভিন্ন কর্মকাণ্ড দেশের উন্নয়নের চালিকাশক্তি। মাঠ পর্যায়ে সঠিকভাবে প্রকল্প বাস্তবায়নে তিনি জেলা প্রশাসকদের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতার জন্য তিনি অনুরোধ করেন।

**মাননীয় মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়**

তিনি বলেন যে, বর্তমান সরকারের সময়ে পার্বত্য জেলাসমূহে ব্যাপক উন্নয়ন হয়েছে। যেসব এলাকায় বিদ্যুৎ দেওয়া সম্ভব হয়নি সে-সব জায়গায় সোলার সিস্টেম স্থাপন করা হয়েছে। কর্মকর্তাদের পদায়নের ক্ষেত্রে পার্বত্য জেলাগুলোকে এখন আর পশ্চাৎপদ জেলা হিসাবে বিবেচনার সুযোগ নেই।

**মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ**

তিনি বলেন যে, জনপ্রশাসনের সাথে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করা গেলে উন্নয়ন টেকসই হয়। প্রশাসন ও জনপ্রতিনিধিরা একই সঙ্গে অগ্রসর হলে দেশের জন্য তা কল্যাণকর হয়। এছাড়া, ধর্মীয় সম্প্রীতি বজায় থাকলে উন্নয়ন ত্বরান্বিত হয়। প্রাকৃতিক সম্পদ যথা আলো, বাতাস, পানি প্রভৃতির সঠিক ব্যবহার জাতিকে উন্নত করে। তিনি বলেন, ইটের গুণগতমান বজায় রাখার জন্য লাইসেন্স প্রদানের কার্যক্রম চালুর উদ্যোগ নিতে হবে। বর্জ্য ব্যবস্থাপনার বিষয়েও কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

উপর্যুক্ত আলোচনা, সম্মেলনের কার্যপত্র ও মন্ত্রণালয়ের মতামতের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

## ১। স্থানীয় সরকার বিভাগ সংক্রান্ত

**(ক) স্বল্পমেয়াদি:**

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক পঞ্চগড় | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল বৃদ্ধিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০২. | জেলা প্রশাসক খাগড়াছড়ি পার্বত্য জেলা | তিন পার্বত্য জেলার উপজেলাসমূহে রাজস্ব আয় না থাকায় স্থানীয় সরকার বিভাগ হতে থোক বরাদ্দ প্রদান করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৩. | জেলা প্রশাসক বরিশাল | বরিশাল মহানগরে জেল খালসহ ২৩টি খাল প্রয়োজনীয় খনন ও সংস্কারের উদ্যোগ নিতে হবে। এ উদ্দেশ্যে স্থানীয় সরকার বিভাগ প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | স্থানীয় সরকার বিভাগ |

**(খ) মধ্যমেয়াদি:**

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার বিভাগ | স্থানীয় সরকারের জনপ্রতিনিধিদের 'স্মার্ট বাংলাদেশ' বিনির্মাণের উপযোগী করে গড়ে তোলার জন্য প্রশিক্ষণের উদ্যোগ নিতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০২. | জেলা প্রশাসক ঢাকা | সংশ্লিষ্ট আইন ও বিধি পর্যালোচনা করে ঢাকা মহানগরের সাবেক ১৬টি ইউনিয়নের ১৬০ জন গ্রাম পুলিশকে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনে সমপর্যায়ের কোন পদে আত্তীকরণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |

**(গ) দীর্ঘমেয়াদি:**

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক কুড়িগ্রাম | ভূগর্ভস্থ পানি ব্যবহারের নীতিমালা প্রণয়ন করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০২. | জেলা প্রশাসক চাঁদপুর ও লালমনিরহাট | দেশের সকল উপজেলায় পর্যায়ক্রমে একটি করে শেখ রাসেল শিশু পার্ক নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |